

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

স্মারক নং: ৫৮.০১.০০০০.২০২.৭৮.০০১.১৮-২৫(১৬১)


তারিখ: ০৭/০৩/২০১৮ খ্রি:।

অফিস আদেশ

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, উল্লেখযোগ্য সংখ্যক আবেদনকারীগণ তাদের অনুকূলে ইস্যুকৃত এমআরপি সমর্পণ করে নিজ/পিতা/মাতার নাম অথবা প্রাক-পরিচয় সম্পূর্ণভাবে পরিবর্তন করে এবং বয়স পরিবর্তন করে রি-ইস্যুর আবেদন করছেন। এভাবে যত্রতত্র তথ্য পরিবর্তন করে পাসপোর্ট রি-ইস্যু করায় এমআরপি-র গ্রহণযোগ্যতা বহির্বিধি নিদারুণভাবে হ্রাস পাচ্ছে। এছাড়াও এ ধরনের তথ্য পরিবর্তন করে ভিন্ন তথ্য সম্বলিত পাসপোর্ট গ্রহণের ফলে পাসপোর্ট বাহককে বিভিন্ন ইমিগ্রেশনে প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হচ্ছে। অদূর ভবিষ্যতে বহির্বিধি বাংলাদেশের ভাবমূর্তি আরও ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে।

২। ইতোমধ্যে বিভিন্ন তথ্য পরিবর্তন সম্বলিত যেসমস্ত আবেদনপত্র গ্রহণ করা হয়েছে সেসব আবেদনকারীকে কলনোটিশ প্রদান করে পূর্বের তথ্যানুযায়ী পাসপোর্ট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। এমতাবস্থায়, রি-ইস্যু আবেদনের ক্ষেত্রে সাধারণ ভুল (যেমন- অপারেটরের কর্তৃক ভুল ও বানান ভুল) ব্যতিত কোনরূপ তথ্য পরিবর্তন সম্বলিত আবেদনপত্র গ্রহণ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: সাইদুর রহমান)
পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)
মহাপরিচালকের পক্ষে

বিতরণ (কার্যার্থে):

- ১। পরিচালক/ উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস (সকল)।
- ২। উপপরিচালক/ সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস (সকল)।
- ৩। বাংলাদেশ দূতাবাস (সকল)।

বিতরণ (জ্ঞার্তার্থে):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সচিব, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: বিশেষ পুলিশ সুপার (পাসপোর্ট)